

বাংলাদেশ সুপ্রীম কোর্ট হাইকোর্ট বিভাগ

(২০২৪ ইং সনের ২৯০ নং গঠনবিধি)

আমি এতদ্বারা নির্দেশ করিতেছি যে, আগামী ২২ সেপ্টেম্বর, ২০২৪খ্রিঃ তারিখ রোজ রবিবার সকাল ১০ঃ৩০ মিনিট হইতে ৩০ সেপ্টেম্বর, ২০২৪খ্রিঃ তারিখ রোজ সোমবার পর্যন্ত হাইকোর্ট বিভাগের বিচারকার্য পরিচালনার জন্য নিম্নে উল্লেখিত অবকাশকালীন বেঞ্চ গঠন করা হইল :

১.

বিচারপতি মোঃ হাবিবুল গনি
এবং
বিচারপতি মোঃ আতাবুল্লাহ

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য দুর্নীতি দমন কমিশন আইন ও মানি লন্ডারিং আইন সংক্রান্ত বিষয়াদীসহ ডিভিশন বেঞ্চে গ্রহণযোগ্য সকল প্রকার ফৌজদারী মোশন; ফৌজদারী আপীল মঞ্জুরীর আবেদনপত্র এবং তৎসংক্রান্ত জামিনের আবেদনপত্র; ফৌজদারী মঞ্জুরীকৃত আপীল ও তৎসংক্রান্ত জামিনের আবেদনপত্র; ফৌজদারী মঞ্জুরীকৃত আপীল ও সকল জেল আপীল মঞ্জুরীর আবেদনপত্র ও শুনানী; শুনানীর জন্য ফৌজদারী রিভিশন এবং ফৌজদারী বিবিধ মোকদ্দমাসমূহ; যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল, আবেদনপত্র গ্রহণ ও শুনানী করিবেন।

স্বাঃ

বাংলাদেশের প্রধান বিচারপতি
তারিখঃ- ১৫ সেপ্টেম্বর, ২০২৪খ্রিঃ

প্রচারের জন্য :-

- ১। বিচারপতি মোঃ হাবিবুল গনি
- ২। বিচারপতি মোঃ আতাবুল্লাহ